দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 30 MAY 2016 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৫...

# কারিগরি শিক্ষা ঢেলে সাজানোর উদ্যোগ

## ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিংয়ে ভর্তি প্রক্রিয়া শুরু

■ ইত্তেফাক রিপোর্ট

আজ সোমবার থেকে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির আবেদন নেয়া শুরু হচ্ছে। আবেদন করা যাবে ১২ জুন পর্যন্ত। এবারে প্রথম ও দ্বিতীয় শিফটে একবারেই আবেদন করতে হবে। ভর্তির বিস্তারিত বিষয়াদি কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.techedu.gov.bd, www.bteb.gov.bd, www.moedu.gov.bd) দেয়া হয়েছে।

**কারিগরি শিক্ষাবোর্ডে আলোচনা:** গতকাল কারিগরি শিক্ষা অধিদপ্তরের এক আলোচনায় শিক্ষামন্ত্রী বলেছেন, শিক্ষা সরকারের অগ্রাধিকার খাত, কারিগরি শিক্ষা অগ্রাধিকারের অগ্রাধিকার। একবিংশ শতাব্দির চ্যালেঞ্জ ও বিশ্বচাহিদার সাথে তাল মিলিয়ে আমরা এ খাতকে ঢেলে সাজাচ্ছি। এনরোলমেন্ট বৃদ্ধি, অবকাঠামো, যন্ত্রপাতি, শিক্ষকদের দেশি-বিদেশি প্রশিক্ষণ, নতুন নতুন প্রকল্প গ্রহণসহ নানামুখী উদ্যোগ নেয়া হয়েছে। কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাসের সভাপতিত্বে অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে এক মতবিনিময় সভায় একথা বলেন। সভায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোস্তাফিজুর রহমান, অধিদপ্তরের পরিচালক মোঃ মিজানুর রহমান, আ. ন. হ. সালাহ উদ্দিন, ড. শেখ আবু রেজাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।